গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড বকশিবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০৩০.১৪.০০১.২৫. ৬০২৬ তারিখঃ ২৪ অগ্রহায়ণ' ১৪৩২ / ০৯ ডিসেম্বর' ২০২৫

বিষয়ঃ ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ এর ০১.০১.২০২৫ হতে ৩০.০৬.২০২৫ পর্যন্ত সময়ের বিভিন্ন প্রকার খাদ্যদ্রব্য ক্রয়ের দরপত্র প্যাকেজ নং-০৭ এ অংশগ্রহণকৃত দরদাতা প্রতিষ্ঠান মেসার্স মৌ ট্রেডার্স এর দাখিলকৃত অভিজ্ঞতার সনদপত্র, কার্যাদেশের কপি, কার্যসম্পাদন জামানত ও চুক্তি সম্পাদনপত্র এবং চুক্তিপত্রের কপিসমূহে অসঙ্গতি প্রসঙ্গে।

সূত্রঃ ক) কারা অধিদপ্তরের পত্র নং- ৫৮.০৪.০০০০.০৩০.০১.০০২.২৫-৯৭৮, তারিখ: ০৪.০৬.২০২৫;
খ) মেসার্স মৌ ট্রেডার্স এর ০২.৭.২০২৫ তারিখের জবাব।

যেহেতু আপনি মেসার্স মৌ ট্রেডার্স, প্রো: মো: জাকারিয়া খান, বয়রা মেইন রোড, খালিশপুর, খুলনা কর্তৃক ০১.০১.২৫ হতে ৩০.৬.২৫ মেয়াদের ঢাকা কেন্দ্রীয় কারাগারের ই-জিপি আই ডি নং ১০৩৬৫৬২ দরপত্রে অংশগ্রহণ করেন।

যেহেতু আপনার প্রতিষ্ঠান কর্তৃক উক্ত দরপত্রে সৃজিত ও জালিয়াতি করে ভুয়া চুক্তিপত্র দাখিল করেন।

যেহেতু প্রতারণামূলক সৃজিত ও জালিয়াতি করে চুক্তিপত্রের কপি দরপত্রের সাথে দাখিল করায় পিপিআর বিধিমালা ২০০৮ এর ১২৭(৩) মোতাবেক সূত্রস্থ 'ক' স্মারকে ব্যাখ্যা তলব করা হয়।

যেহেতু প্রতারণামূলক সৃজিত ও জালিয়াতি করে চুক্তিপত্রের দাখিলের বিষয়ে আপনার নিকট তলবকৃত ব্যাখ্যার জবাব সন্তোষজনক নয়।

সেহেতু পিপিআর বিধিমালা-২০০৮ এর ১২৭(৪)(ঘ) বা পিপিআর-২০২৫ এর ১৪৯(৮)(খ) অনুযায়ী বারিতকরণ কমিটির সুপারিশ মোতাবেক আপনাকে এবং আপনার প্রতিষ্ঠান মেসার্স মৌ ট্রেডার্সকে কারা বিভাগে সকল ক্রয় কার্যে আদেশ জারীর তারিখ হতে হতে ০২(দুই) বছরের জন্য কালো তালিকাভুক্ত অর্থাৎ অংশগ্রহণ করা হতে বিরত/বারিত/অযোগ্য ঘোষনা করা হলো।

০৯/১২/২৫

সৈয়দ মো: মোতাহের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০৪৪৪ (দপ্তর)
ig@prison.gov.bd

মেসার্স মৌ ট্রেডার্স,
প্রো: মো: জাকারিয়া খান,
বয়রা মেইন রোড, খালিশপুর, খুলনা

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। চিফ এক্সিকিউটিভ অফিসার (সিইও), বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, বিপিপিএ ভবন, পরিকল্পনা চত্বর, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
৪। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার।
৫। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। জেল সুপার, সকল জেলা কারাগার।
৭। প্রশাসনিক কর্মকর্তা (সকল)/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/ভারপ্রাপ্ত কর্মকর্তা পিআইইউ/ভারপ্রাপ্ত কর্মকর্তা আইসিটিসেল (নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের জন্য), কারা অধিদপ্তর, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপমহাপরিদর্শক (স.দ.)। (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

F/Ruhul/Debarment